দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 JUN 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ৩ ...

০৪

রংপুর কারিগরি মহাবিদ্যালয়ে তুলকালাম ঘটনা

# নকল ধরিতে গেলে কাটা রাইফেলের ধাওয়া ॥ কলেজ ল্যাব, শিক্ষক কক্ষ, ক্লাসরুমে অগ্নিসংযোগ ॥ ১০জন শিক্ষক আহত

রংপুর সংবাদদাতা ॥ গতকাল (সোমবার) রংপুর কারিগরি মহাবিদ্যালয়ে নকল ধরাকে কেন্দ্র করিয়া কলেজের বিভিন্ন কক্ষ ভাংচুর, অগ্নিসংযোগ ও লুটপাট হয়। ইহাতে কলেজের প্রায় ৬ কোটি টাকা ক্ষতি হইয়াছে বলিয়া অধ্যক্ষ জানান। একজন শিক্ষক জানান, রবিবার পরীক্ষা চলাকালে মেকানিকালের ছাত্র সমিউর রহমান নকল বাহির করিলে একজন শিক্ষক বাধা দেন। ঐ ছাত্র রাত্রি ১২টার সময় বহিরাগত মাস্তানদের নিয়া শিক্ষকদের বাসভবনে হামলা চালাইয়া ভাংচুর ও অগ্নিসংযোগ করে। সোমবার পরীক্ষা চলাকালে দুপুর ১২টার সময় একজন ছাত্র নকল বাহির করিলে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট আনিছুর রহমান ও আতাউর রহমান বাধা দেন। ঐ ছাত্র কাটা রাইফেল বাহির করিয়া তাহাদের ধাওয়া করিলে তাহারা প্রাণভয়ে অধ্যক্ষের রুমে আশ্রয় নেন। পরে ছাত্ররা কলেজের

(শেষ পৃঃ ৫-এর কঃদ্রঃ)

## রংপুর কারিগরী

(১ম পৃঃ পর)

২) কম্পিউটার ল্যাব, ইলেকট্রনিক্স ল্যাব, মেকানিক্যাল সপ, লেবরেটরী, অধ্যক্ষের রুম, শিক্ষকের রুম, ক্লাসরুম ভাংচুর, অগ্নিসংযোগ ও লুটপাট করে। শিক্ষকরা বাধা দিলে তাহারা তাহাদের উপর হামলা করে। ইহাতে ১০ জন শিক্ষক গুরুতর আহত হয়। ছাত্ররা কলেজের গ্যারেজে হামলা চালাইয়া গ্যারেজে রাখা গাড়ী ভাংচুর করে। সন্ধ্যা ৭টার সময় ডিসি, এস,পির উপস্থিতিতে দমকল বাহিনীর কর্মীরা বিভিন্ন কক্ষের আগুন নিভাইয়া ফেলে। এ ব্যাপারে কলেজের একাডেমিক কাউন্সিল কোন সিদ্ধান্ত ছাড়াই সভা শেষ করিয়াছে।